রাজা রামমোহন রায়ের জন্মের সার্ধদ্বিশত বর্ষ স্মরণ

নববারাকপুর ঃ সমাজসংস্কারক ও ভারতের নবজাগরণের পথিকৃৎ রাজা রামমোহন রায়ের জন্মের সার্ধ দ্বিশত জন্মবার্ষিকী শ্রদ্ধাজ্ঞাপন জানাল নববারাকপুর শিক্ষা ও সংস্কৃতি পরিষদ। রবিবার সকালে সুহানীয় কৃষ্টি প্রেক্ষাগৃহ সংলগ্ন অস্থায়ী প্রাঙ্গণে রাজা রামমোহন রায়ের প্রতিষ্ঠিত বিভিন্ন মালা ও ফুল দিয়ে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন নববারাকপুর পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা, উপপুরপ্রধান স্বপ্না বিশ্বাস, লেনিনগড় শিক্ষা নিকেতন উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন কুমার রায়, কলোনী উচ্চ বালক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক ডঃ অনিরুদ্ধ বিশ্বাস, ডাঃ পংকজ কুমার অধিকারী, কবি মেঘমালা বসু সহ এলাকার বিভিন্নস্তরের শিক্ষক শিক্ষিকা, প্রাক্তনী ও বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলরগন। পুরসভার পুরপ্রধান প্রবীর সাহা বলেন বিশ্বব্ধ সমাজ গড়ার কারিগর। বাংলা নয় ভারতবর্ষের গর্ব রাজা রামমোহন রায়। তার আড়াই শো বছর জন্মদিন পালন করছেন শিক্ষা সংস্কৃতি পরিষদের সদস্যরা।বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শিখিয়েছেন বিশব্ধ মনীষিদের জন্ম মৃত্যু দিন পালন করতে। তাদের দেখানো পথে আমাদের এগিয়ে চলতে খাবে। সেরকম সোজা করে। মাথা উঁচু করে বাঁচতে পারব। তার চিন্তা ভাবনা আদর্শ আগামী প্রজন্মের কাছে বেশি করে পৌছে দিতে পারলে ভারতবর্ষ তাদের দেখানো পথে এগিয়ে চলবে। দেশ ও রাজ্যেকে এগিয়ে নিয়ে যাবে। রাজা রামমোহন, পন্ডিত ঈশ্বরচন্দ্র, স্বামী বিবেকানন্দ, মহাত্মা গান্ধী মত মনীষিদের ভাবনা চিন্তাধারা যত বেশি করে আগামী প্রজন্মের কাছে তুলে ধরলে বিশ্বের কাছে মাথা উঁচু করে চলতে ও শিখতে পারবে। এলাকার উন্নয়ন হবে। সমাজ তত সুন্দর ভাবে এগিয়ে চলবে। রবিবার সকালে নববারাকপুর পুরসভাও যথাযথ মর্যাদার সাথে বাংলার নবজাগরণের রূপকার রাজা রামমোহন রায়ের জন্মের সার্ধ দ্বিশত জন্মবার্ষিকী উদযাপন করে পুরসভা প্রাঙ্গণে। গুরুতে খালি গলায় উদ্বোধনী সংগীত পরিবেশন করেন শিক্ষক বাচিক শিল্পী অঞ্জন দাশগুপ্ত। এরপর পুরপ্রধান, উপপুরপ্রধান সহ বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর ও বিভাগের প্রধান শিক্ষক ও পুরকর্মীরা মালা ও ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞানান ভারতপথিককে।

টুইটারে রাজনীতিতে ফিরলেন নুসরত

স্টাফ রিপোর্টার ঃ বিগত বিধানসভা নির্বাচনের পর থেকেই রাজনীতির ময়দানে আর দেখা যাচ্ছিল না বসিরহাটের সাংসদ তথা অভিনেত্রী নুসরত জাহানকে। এই আবহে কয়েকদিন আগেই তার নামে বসিরহাটে পড়েছিল 'নিখোঁজ পোস্টার'। সেই পোস্টার পড়ার কয়েকদিনের মধ্যেই এই প্রথম রাজনৈতিক টুইট করলেন নুসরত। তাঁর নিশানায় কেন্দ্রের মোদী সরকার। গত শুক্রবার বিরোধীদের বিরোধীদের তোপ দেগে প্রধানমন্ত্রী মোদী বলেছিলেন যে রাজনৈতিক দলগুলি নিজেদের স্বার্থ চরিতার্থ করতে ছোট ঘটনার দিকে তাকিয়ে থাকে। মোদীর সেই মন্তব্যের প্রেক্ষিতে আজ টুইট করে নুসরত লেখেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিশ্চয়ই রাজ্য বিজেপির কথা বলছেন।' সঙ্গে ছিল মুখ চেপে হাসির ইমোজি। উল্লেখ্য, বাংলায় ভেটি পরবর্তী হিংসা ও অন্যান্য রাজনৈতিক হিংসার প্রসঙ্গ তুলে বঙ্গ বিজেপি বরাবর সরব হয়েছে। স্বয়ং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এই নিয়ে রাজ্য সরকারকে দুষেছেন। অপরদিকে দেশ জুড়ে সম্প্রতীতর বাতাবরণ নষ্টের অভিযোগ তুলে সরহ হয়েছে তৃণমূল সহ অন্যান্য রাজনৈতিক দল। এই আবহে মোদীর নিশানায় ছিল বিরোধীরা। আর মোদীর সেই মন্তব্যকে হাতিয়ার করে বঙ্গ বিজেপিকে এক হাত নেন তারকা সাংসদ।

অ্যাপ বাইক নিয়ন্ত্রণে ৪ সদস্যের কমিটি

স্টাফ রিপোর্টার ঃ শহরে বাড়ছে অ্যাপ নির্ভর বাইক। কিন্তু, এখনও পর্যন্ত এগুলি নিয়ন্ত্রণে কোনও সরকারি বিধি নেই। এই পরিস্থিতিতে অ্যাপ ক্যাবের মতো যাতে অ্যাপ নির্ভর বাইকগুলিতে কোনও সমস্যা দেখা না দেয় তার জন্য আগেভাগেই নিয়ন্ত্রণ করতে চাইছে রাজ্য সরকার। এ বিষয়ে উদ্যোগী হয়ে রাজ্য সরকার অ্যাপ নির্ভর বাইকের ভাড়া এবং অন্যান্য বিষয় নির্ধারণ করতে চার সদস্যের কমিটি গঠন করেছে। এই কমিটি বিধি নির্ধারণ করবে। তারপর নবান্নের অনুমোদন পেলেই নয়া বিধি চালু হয়ে যাবে বলে পরিবহণ মন্ত্রক সূত্রে জানানো হয়েছে। পরিবহন দফতর সূত্রে খবর, শহরে প্রায় ১০ হাজার অ্যাপ নির্ভর বাইক চলাচল করে। তবে এই সমস্ত বাইক ট্যারিফে নিয়ন্ত্রণ করার জন্য এখনও পর্যন্ত সরকারি কোনওই বিধি না থাকায় ক্যাবের মতো সমস্যা দেখা দিচ্ছে। উল্লেখ্য, ক্যাবের ক্ষেত্রেও সরকারি বিধি না থাকার ফলে যাত্রীদের দুর্ভোগে পড়তে হচ্ছে। এই সমস্যার সমাধান করতে চাইছে রাজ্য। এর জন্য অ্যাপ নির্ভর বাইক বা ক্যাবের সরকারিভাবে নিয়ন্ত্রণ প্রয়োজন বলে মনে করছে রাজ্য। পরিবহন দফতর সূত্রে জানা গিয়েছে, ওই কমিটি অ্যাপ নির্ভর বাইকের ন্যূনতম ভাড়া ঠিক করার পাশাপাশি বাণিজ্যিক গাড়ির মতো বাইকে হলুদ নম্বর প্লেট ব্যবহার করার বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। নবান্নের অনুমতি পেলেই বাইকের ক্ষেত্রে বিধিনিষেধ কার্যকর হবে।

বেহালায় বন্ধ ফ্ল্যাট থেকে উদ্ধার প্রৌঢ়ার পচন ধরা দেহ

স্টাফ রিপোর্টার ঃ কলকাতা লাগোয়া বেহালায় বন্ধ ফ্লাট থেকে উদ্ধার হল একাকী মহিলার পচন ধরা দেহ। রবিবার সকালে বেহালার রাজা রামমোহন রায় রোডের একটি আবাসন থেকে উদ্ধার হয় কমলিকা দাশগুপ্ত (৪৮) নামে ওই মহিলার দেহ। স্থানীয়দের অনুমান রোগাক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে তাঁর। প্রতিবেশীরা জানিয়েছেন, ১০ বছর আগে বাবার সঙ্গে ওই আবাসনে থাকতে শুরু করেন কমলিকাদেবী। বাবা সুজিত দাস ছিলেন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী। ২০১৮ সালে বাবার মৃত্যু র পর থেকে ওই ফ্ল্যাটে একাই থাকতেন তিনি। তবে বেশি বেরোতেন না তিনি। খুব প্রয়োজন ছাড়া তাঁকে বাইরে দেখেনি কেউ। স্থানীয়দের সঙ্গে তাঁর বিশেষ একটা যোগাযোগ ছিল না। বেশ কিছুদিন ধরে মহিলাকে দেখতে পাননি স্থানীয়রা। রবিবার সকালে তাঁর ফ্ল্যাটের সামনে দুর্গন্ধ বেরনোয় সন্দেহ হয়। ডাকাডাকি করেও কারও সাড়া পাননি তাঁরা। এর পর খবর দেওয়া হয় পুলিশে। পুলিশ পৌঁছে দরজা ভেঙে কমলিকাদেবীর পচন ধরা দেহ উদ্ধার করে। প্রাথমিকভাবে অনুমান অন্তত ৩ দিন আগে মৃত্যু হয়েছে তাঁর। দেহটি ময়নাতদন্তে পাঠানো হয়েছে।

আলোচনাসভার আয়োজন করল কমলা দেবী সোহনরাজ সিংভী জৈন কলেজ অফ এডুকেশন

স্টাফ রিপোর্টার ঃ কাজী নজরুল ইসলাম তাঁর 'নারী' কবিতার মধ্যে দিয়ে বিশ্বের সকল মহান সৃষ্টির পিছনে নারী-পুরুষ উভয়ের সম অংশগ্রহণের মধ্যে দিয়ে লিঙ্গ বৈষম্য দূরীকরণের উপর আলোকপাত করতে চেয়েছিলেন ঠিকই, কিন্তু যুগ যুগ ধরে এই বৈষম্যমূলক ভাবনা যেন সমাজের রন্ধ্রে রন্ধ্রে মিশে গেছে। তাই আজ আমরা এক তথাকথিত শিক্ষিত আধুনিক সমাজে বসবাস করলেও প্রতি নিয়ত কোনো না কোনো ভাবে এই লিঙ্গ বৈষম্যমূলক একাধিক সমস্যার সম্মুখীন আমাদের হতে হয়।

মূলত আধুনিক শিক্ষিত, সমাজের আধুনিকতার, উদারতার আড়ালে থাকা এই জড় মানসিকতার উপর আলোকপাত করতে গত ১৩।৫।২০২২, শুক্রবার, কাশিপুর কমলাদেবী সোহনরাজ সিংভী জৈন কলেজ অফ এডুকেশন কর্তৃক এক আলোচনা সভার আয়োজন করা হয়।

কলেজ প্রধান ডঃ সাফনা ঝাঁ মহাশয়ার উদ্যোগে ও মাননীয়া কলেজ কর্তৃপক্ষগুন্ধ, কলেজের অন্যান্য মাননীয় শিক্ষক শিক্ষিকাদের ঐকান্তিক সহযোগীতায় আয়োজিত এই আলোচনা সভার মুখ্য বক্তা ছিলেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের এডুকেশন বিভাগ প্রধান প্রফেসর শ্রীদীপা সিংহ মহাশয়া। আলোচনার মুখ্য বিষয় ছিল ভারতীয় সমাজের পরিপ্রেক্ষিত লিঙ্গ বৈষম্য। লিঙ্গ বিষয়ক ধারণা ও সমাজের কোন কোন দিকে কিভাবে আজও লিঙ্গ বৈষম্য লক্ষ্যনীয় ইত্যাদি বিভিন্ন বিষয়ে আলোকপাত সহ শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে এক অনবদ্য তথ্যসমৃদ্ধ আলোচনার সাক্ষী রইলো সবাই।

খুব তাড়াতাড়ি হলে মুক্তি পাবে "নার্ভ"

স্টাফ রিপোর্টার ঃ রাবে কৃষ্ণা ফিল্মস এর প্রযোজনার নতুন ছবি "নার্ভ"। ছবিটি পরিচালনা করেছেন সায়ন বসু। অভিনয় করেছেন রূপসা মুখোপাধ্যায়, অনন্যা গুহ, অক্ষয় গুপ্ত ও ঈশান মজুমদার। এই ছবির শুটিং প্রায় হতে চলেছে। প্রয়াগ ফিল্ম সিটি তে মিউজিক ডিরেক্টর অমিত মিত্রের পরিচালনায় শ্রমিতা পাল ও রাজ বর্মন এর গাওয়া 'হেরেছে দিল' গানের শুটিং হয়ে গেল অক্ষয় ও অনন্যা কে রোম্যান্টিক মুডে দেখা গেল।

ছবিতে রূপসা সন্ন্যাসীর চরিত্রে অভিনয় করেছেন। ঋত্বিকার চরিত্রে দেখা যাবে অনন্যা কে। "নার্ভ" এ দেখা যাবে অনন্যা অর্থাৎ ঋত্বিকা ভালোবাসে দেব অর্থাৎ অক্ষয় অভিনীত চরিত্রটিকে। এই ছবির মাধ্যমে ডেবিউ করতে চলেছেন অভিনেতা অক্ষয় গুপ্ত। খুব শীঘ্রই এই সিনেমা দর্শকরা দেখতে

পাবেন ছবি প্রসঙ্গে পরিচালক সায়ন বসু জানিয়েছেন, "আমাদের নার্ভ এর শুটিং শেষ হল। শুটিং এর অভিজ্ঞতা খুব ভালো। ছবিটি মুক্তি পাওয়ার পর দর্শকরা এখন কি বলবেন সেটার অপেক্ষায় রয়েছি।" প্রয়াগ ফিল্ম সিটিতে নার্ভ এর গান হেরেছে দিল এর শুটিং হয়ে গেল। খুব রোম্যান্টিক একটা গান। কোনও ইউটিউব প্ল্যাটফর্ম বা টিভি চ্যানেলে গানটি শুনতে পাবেন। এখন অনেক ভালো ভালো বাংলা ছবি হচ্ছে। আমাদের ছবিকেও আপনারা সাপোর্ট করুন।"

বিধাননগরে গ্রেফতার ৭ ভুয়ো পরীক্ষার্থী

স্টাফ রিপোর্টার ঃ কনস্টেবলের নিয়োগ পরীক্ষা চলাকালীন ৭ জন ভুয়ো পরীক্ষার্থীকে ধরল পুলিশ। রবিবার কলকাতা লাগোয়া বিধাননগরের লবনহ্রদ বিদ্যাপীঠ ও বিধাননগর বিডি ব্লক স্কুল থেকে তাঁকে গ্রেফতার করেন পুলিশ আধিকারিকরা। পরীক্ষা শুরু আগে অ্যাডমিট কার্ড পরীক্ষার সময় ধরা পড়ে তারা। রবিবার ছিল উত্তর ২৪ পরগনা পুলিশের কনস্টেবল নিয়োগের লিখিত পরীক্ষা। পরীক্ষায় ভুয়ো পরীক্ষার্থী বসতে চিল কড়া কথাও। অ্যাডমিট কার্ড পরীক্ষা চলাকালীন সেখানে লেখা বাবার নাম, ঠিকানা জানতে চাইলে বলতে পারেননি অনেকে।

এর পর তাদের আটক করে জিজ্ঞাসাবাদ করে পুলিশ। জেরায় তারা স্বীকার করে নেয়, অন্যের হয়ে পরীক্ষা দিতে এসেছিল অভিযুক্তরা। এভাবে লবনহ্রদ বিদ্যাপীঠ থেকে ২ জন ও বিডি ব্লক স্কুল থেকে ৫ জনকে গ্রেফতার করেছেন পুলিশকর্মীরা। ধৃতদের মধ্যে বেশ কয়েকজন বিহারের বাসিন্দা বলে জানা গিয়েছে।

পুলিশ সূত্রে দানানো হয়েছে, সম্প্রতি সরকারি চাকরির পরীক্ষায় ভুয়ো পরীক্ষার্থী পাঠানোর প্রবণতা বেড়েছে। তাই নজরদারিরও বাড়ানো হয়েছে। সন্দেহ হলেই তাঁকে কড়া জিজ্ঞাসাবাদ শুরু করেন পুলিশকর্মীরা। আর তাতেই ফাঁস হয়ে যায় সব জারিজুরি। গোয়েন্দারা জানাচ্ছেন, ভুয়ো পরীক্ষার্থী সরবরাহের জন্য বিহার, উত্তরপ্রদেশে সক্রিয় একাধিক চক্র। মেধাবী ছাত্রদের সঙ্গে যোগাযোগ করে তাদের নাম ভাড়িয়ে পরীক্ষা দিতে পাঠায় চক্রের পাণ্ডারা। এর বিনিময়ে মোটা টাকা আদায় করে তারা।

সম্মানিত পরিচালক থেকে বর্ষীয়ান অভিনেতা

স্টাফ রিপোর্টার ঃ বিএফটিসিসির উদ্যোগে আয়োজিত হল অ্যাওয়ার্ড সেরিমনি। এদিন হিরালাল সেন লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড পুরস্কার তুলে দেওয়া হল বর্ষীয়ান অভিনেত্রী মাধবী মুখোপাধ্যায়কে। দেবকী কুমার বোস লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড জিতলেন জাতীয় পুরস্কারপ্রাপ্ত পরিচালক গৌতম ঘোষ।এই অ্যাওয়ার্ড সেরিমনিতে উপস্থিত ছিলেন গার্গী রায়চৌধুরী, অনীক দত্ত, শ্বেতজ্যোতি মিশ্র, জয়া নীল ঘোষ, রঞ্জিত মল্লিক, কোয়েল মল্লিক, আলমগীর, ফিরদৌসাল হাসান সহ অন্যান্যরা।মাধবী মুখোপাধ্যায় ছাড়া বি এন সরকার লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড পুরস্কার জিতলেন সুরিন্দর ফিল্মসের কর্ণধার সর্দার সুরিন্দর সিং, কালিস মুখার্জি লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড পেলেন বিশিষ্ট সাংবাদিক নির্মল ধর। বাংলাদেশের ইলিয়াস কাঞ্চন ও রাজ রাজ্জাকের হাতে তুলে দেওয়া হয় লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড। শুধু তাই নয়, স্বল্পদৈর্ঘ্য ও তথ্যচিত্র নির্মাতাদেরও বিশেষ সম্মানে ভূষিত করা হয়। স্বল্পদৈর্ঘ্য ও তথ্যচিত্র নির্মাতাদের এত বড় প্ল্যাটফর্মে সম্বর্ধনা দেওয়া সত্যিই একটা বড় দিক।

উল্টোডাঙা থেকে সাতটি রুটে অটো পরিষেবা বন্ধ

স্টাফ রিপোর্টার ঃ সপ্তাহের রুটোমিলা অটো পরিষেবা বন্ধ। আর তার জেরে নানাভাবে হয়রান নিত্যযাত্রীরা। পুলিশের বিরুদ্ধে হেনস্তার অভিযোগ তুলে এখন সিঙ্গাল লাইনের অটোচালকরা। প্রতিবাদে উল্টোডাঙা বেঁকে একসঙ্গে সাত সাতটি অটোরুট বন্ধ করে দেওয়া হল। নিত্যযাত্রীরা গন্তব্যে পৌঁছাতে খরচ বরাদ্দে হচ্ছে বাড়তি টাকা। এই নিয়ে ক্ষোভ তৈরি হয়েছে নিত্যযাত্রীদের মধ্যে। ঠিক কী অভিযোগ উঠেছে? অটোচালকদের সূত্রে খবর, পুলিশের বিরুদ্ধে কটা হেনস্তার অভিযোগ তুলেছেন অটোচালকেরা। আর তাই অটো চালানো বন্ধ করেছেন। এমনটা পুলিশের বিরুদ্ধে ভুয়োমামলার অভিযোগও তুলেছেন তাঁরা। তাই অটো পরিষেবা বন্ধ রেখে প্রতিবাদে সামিল হয়েছেন উল্টোডাঙা ইউনিয়নের অটো চালকেরা। ১৫ নম্বর বাসস্ট্যান্ড বেঁকের অটো দোরাতে দেওয়া হয় না। আবার স্ক্যান্সিল দাম বাড়ানো হয়েও নতুন করে অটোর ভাড়া ঠিক হয়নি। ফলে পুরনো ভাড়াতেই চালাতে হচ্ছে অটো। অটো ইউনিয়ন সূত্রে খবর, উল্টোডাঙা বেঁকের শোভাবাজার, জোড়াবাগান, বাগুইআটি, সল্টলেক, তারাতলা, সেন্টর ফাইভ,সহ এখানকার রুটের অটো বন্ধ রাখা হয়েছে। অটোর ভাড়া বৃদ্ধি হয়নি।

Asansol Municipal Corporation
Asansol
Notice Inviting Quotation
Quotation Notice No. Q-59/PW/Eng/2022 dated 20-05-2022
Quotation Notice No. Q-60/PW/Eng/2022 dated 20-05-2022
Quotation Notice No. Q-61/PW/Eng/2022 dated 20-05-2022
Memo No. 177/PW/Eng/2022 dated 20-05-2022
Memo No. 178/PW/Eng/2022 dated 20-05-2022
Memo No. 179/PW/Eng/2022 dated 20-05-2022
Description of items :- (a) Supplying and installation of three seater stainless steel chair for passenger including necessary arangements, (b) LED Tube Light etc.
Please visit to website www.asansolmunicipalcorporation.com or www.wbtenders.gov.in.
For details, Intending contractors may also contact Eng. Dept. of this office and office notice Board.
Sd/-
Executive Engineer
Asansol Municipal Corporation

পা ভাইব্রেট করলেই কাজ সেরে দেবে স্মার্ট জুতো!

স্টাফ রিপোর্টার ঃ পায়ের কথা শুনলেই কেরাফতে! আদতে পা নয়, শুনতে হবে জুতোর কথা! 'স্মার্টজুতো' ই বলে দেবে কোন দিকে যেতে হবে! সেলফিও তুলে দেবে জুতোই! সবখেকে বড় কথা, 'জুতো উজিয়ে' দিলেই নাকি তা সুরক্ষা দেবে আপনাকেও! রীতিমতো হইচই ফেলে দিয়েছে এই স্মার্ট অইডিয়া! অবাক হলেও এটাই সত্যি! বাজারে এই জুতো আনতে চলেছে অজন্তা। সম্প্রতি 'দাদাগিরি'-তে এসে এই ঘোষণাই করেছেন কোম্পানির মানেজিং ডিরেক্টর সারিক। বোন দিকে হটবেন বলে দেবে জুতো? 'স্মার্ট জেনারেশনে'র প্রযুক্তি অনেক এগিয়েছে। ৪ঞ্চি থেকে ধীরে ধীরে ভারত ফইভজি-র দিকে এগিয়ে চলেছে। এই পরিস্থিতিতে আরও 'স্মার্ট' হচ্ছে চিন্তাভাবনা। সম্প্রতি দাদাগিরি-র মঞ্চে অজন্তা-র ম্যানেজিং ডিরেক্টর সারিক জানান, তাঁদের কোম্পানি একটি জুতো তৈরি করেছে, যা 'স্মার্ট জেনারেশনের সঙ্গে পাল্লা দিতে প্রযুক্তির উপর নির্ভর করে তৈরি। তিনি বলেন, "স্যাপে যদি গন্তব্য দিয়ে দেওয়া হয় সেক্ষেত্রে ডানদিকে যেতে হবে না বাম দিকে যেতে হবে বলে দেবে এই জুতো। ডান দিকে যেতে হলে ডান পা ভাইব্রেট হবে এবং বাম দিকে যেতে হলে ভাইব্রেট হবে বাম পা। এছাড়াও স্মার্ট ওয়াচে শুধুমাত্র হাতের কম্পনের উপর নির্ভর করে 'ফুটস্টেপ' সম্পর্কে ওয়াকিবহাল হয়। কিন্তু, একজন কতবার কত জায়গায় পা ফেলেছে তার উপর নির্ভর 'ফুটস্টেপ' জানাবে এই 'স্মার্টজুতো।" এখানেই শেষ নয়, তিনি আরও বলেন, "এই জুতো দিয়ে সেলফি তোলা সম্ভব হবে। এই জুতোর সঙ্গে ফোনের সঙ্গে কানেক্টেড থাকলে বাম পা তুললেই চালু হবে ক্যামেরা এবং সেলফি নেওয়া সম্ভব হবে।"

পরিশিষ্ট-IV
(নিয়ম ৪(১) দ্রষ্টব্য)
স্থাবর সম্পত্তির জন্য
স্থাবরসম্পত্তির বাকি ইন্ডিয়াবুলস হাউজিং ফাইনান্স লিমিটেডের (CIN:L65922DL2005PLC136665) নিম্নস্বাক্ষরিতকে অধস্তন সিকিউরিটিকরণ আন্ড পুনর্গঠনকারী আন্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট নিয়ম 2002 অনুযায়ী, অনুমোদিত প্রাধিকারিক, এবং নিয়ম 13(12) নিয়ম 3-এর সহিত, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) আক্ট 2002, অধ্যায় অনুযায়ী নিম্নস্বাক্ষরিত লোনের আর্ট কল হয়েছে 10.12.2021 তারিখে যার জন্য অপরাজ কুমার বৈদ, কুসুম বৈদ, বিমল সিং বৈদ, নবরত্নী দেবী বৈদ এবং প্রাক সি কিংডোম হাউজিং সিমিটেডের কে আদেশ করা হয়েছে লোনের টাকাটির পরিমাণ 33,49,378.70 টাকা (তেত্রিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশ আটাত্তর টাকা এবং সত্তর পয়সা মাত্র) ঋণ অ্যাকাউন্ট নং. HHLKOL00128537 অনুযায়ী 06.12.2021 তারিখের মধ্যে প্রদান করার জন্য এবং এই লোনটি প্রাপ্ত হওয়ার পুর্ণ হয়ে দিনের মধ্যে জমা করার জন্য।
ঋণগ্রহীতা সেই অর্থ প্রদানে ব্যর্থ হওয়ায় পরিচালকের এবং ঋণগ্রহীতা এবং সাধারণজনের জ্ঞানার্থে এই মর্মে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, উপরোক্ত অধিনের 13(4) ধারা তথা টাক রুলিয়ের ৪ নং নিয়মের অধীনে নিম্ন স্বাক্ষরকারী এবারে নিম্নবর্ণিত সম্পত্তির প্রতিটি **কব্জাধিকার নিয়েছেন/করবেন** সিকিউরিটি ইন্টারেস্ট এবং সহযোগিতার অধিনিয়ম 2002 এর ধারা 13 এর উপ-ধারা (8) অনুযায়ী 06.12.2021 তারিখের নিম্নের অনুযায়ী 33,49,378.70 টাকা (তেত্রিশ লক্ষ উনপঞ্চাশ হাজার তিনশ আটাত্তর টাকা এবং সত্তর পয়সা মাত্র) এবং তার উপর হার সুদ/ফল দিতে।
ঋণগ্রহীতাকে মনোযোগের জন্য নিম্নলিখিত আকর্ষিত উপধারা (8) অধিনের 13 ধারা, সংরক্ষিত সম্পত্তি উদ্ধারের ধারা-সহ-বিক্রয়ের প্রতিনিধির সময়ের ধ্যানে।
স্থাবর সম্পত্তির বিবরণ
সমস্ত আবাসিক ফ্ল্যাট নং. যৌথ জন্য হাউসিংয়ের অবস্থিত ব্লক-5-এ প্রায় 1490 বর্গফুট বিল্ট - আপ এলাকা নিয়ে 5 তম তলার চিহ্নিত, পরগণা বাদনগুর মৌজা খানা পুর টিলিনগর কর্পোরেশন ওয়ার্ড থানা যাদবপুর, নাম-রেজিস্ট্রেশন অফিস আলিপুর, পৌরসভা প্রাক্তন বা 1, জুবিলি পার্ক, টালিগঞ্জ, কোলকাতা 700033, পশ্চিমবঙ্গ এলাকায় একটি আচ্ছাদিত কার্যি পার্কিং স্পেস সহ এবং নীচে বর্ণনামত:
পূর্ব : ফাঁসলে ইউজিয়ে অনুযায়ী পশ্চিম : ফাঁসলে ইউজিয়ে অনুযায়ী
উত্তর : ফাঁসলে ইউজিয়ে অনুযায়ী দক্ষিণ : ফাঁসলে ইউজিয়ে অনুযায়ী
তারিখ: 18.05.2022 কর্তৃপক্ষের আধিকারিক
স্থান: কোলকাতা ইন্ডিয়াবুলস হাউজিং ফাইনান্স লিমিটেড

KOLKATA MUNICIPAL CORPORATION - TENDER

Name of the Department : **Bustee;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-III;** Name of the works & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Repairing of bustee passage at 1/H/37/38, 1/1/H/13 B.B. Ghosh Sarani and its surrounding areas in Ward No. 14; ₹ 1,02,635.07. (2) Repairing of bustee passage at B/32/1/H/20 B.B. Ghosh Sarani, 1/H/21 M.P. Road and its surrounding areas in Ward No. 14; ₹ 2,97,361.24; 02.06.2022 at 12.00 noon / 12.30 p.m. (For Sl. No. 1 & 2);** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 & 2).**

Name of the Department : **Engineering (Civil) / Br.-I;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-I;** Name of the works & location; Estimated Amount (Including GST & CESS); Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Maintenance to sewerage system at Olai Chandi Road, 20/1/1 Belgachia Road and other bustee areas in Ward No. 005; ₹ 1,49,878.53. (2) Repairing of bustee IPS passages at 2/H/1E, 18, Nilmoni Mitra Row, 20/1/1, Belgachia Road and other surrounding areas in Ward No. 005; ₹ 1,99,719.82; 02.06.2022 upto 12.00 noon / 12.30 p.m. (For Sl. No. 1 & 2). (3) Improvement of bustee sewer line at 1/5Q, 1/5P & 1/5U, J.K. Ghosh Road (Belgachia Bustee) Kol-37, Ward No. 003; ₹ 4,59,675.11. (4) Repairing of bustee I.P.S. passages at 67A, 67B, 67C, 67D, Belgachia Road Bustee areas in Ward No. 003; ₹ 2,99,072.39; 03.06.2022 upto 12.00 noon / 12.30 p.m. (For Sl. No. 3 & 4). (5) Maintenance of sewerage system at 96/H/11, 96/H/12, 96/H/70 etc. Cossipore Road bustee area in Ward No. 01; ₹ 3,99,679.12; 06.06.2022 upto 12.00 noon / 12.30 p.m.;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 to 5).**

Name of the Department : **Engineering (Civil) / Br.-XI;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-XI;** Name of the work & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **Restoration of Rd. by providing hot mix distributor by Water Supply Dept. near 40 to 60 Lake East 6th Rd. & surrounding areas in Ward No. 103; ₹ 4,61, 608.38 (Including GST & CESS); 03.06.2022 at 12.00 noon / 02.00 p.m.;** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in**

Name of the Department : **Engineering (Civil) / Br.-X;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-X;** Name of the works & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Maint. of IPS footpath at 151, 386, Block-G, New Alipore etc. in Ward No. 81; ₹ 1,70,221.07. (2) Deployment schedule of portable pumps (3"/4" dia) by C.M.E. (C) Deptt. at different water logging pockets of Br.-X, Zone-I; Rate to be Quoted by the Bidder. (3) Deployment schedule of portable pumps (3"/4" dia) by C.M.E. (C) Deptt. at different water logging pockets of Br.-X, Zone-II; Rate to be Quoted by the Bidder. (4) Deployment schedule of portable pumps (3"/4" dia) by C.M.E. (C) Deptt. at different water logging pockets of Br.-X, Zone-II; Rate to be Quoted by the Bidder. (5) Repairing of sanitary latrine at 156 P.G.H. Shah Road, 94 P.G.M. Shah Road etc. in Ward No. 93; ₹ 1,45,081.38. (6) Development of sewerage system at 7/74 Netaji Nagar etc. in Ward No. 098, Br.-X under Paray Samadhan 2021-2022; ₹ 4,87,767.79. (7) Maintenance of footpath near Prem. Nos. 432, 335, 529, 101, 19A etc. Jodhpur Park in Ward No. 93; ₹ 1,86,923.67. (9) Repairing of raising at pits and removal of chokage at Netajinagar Colony, Sahidnagar Clolony etc. in Ward No. 98, under Br.-X (2nd Call); ₹ 2,98,286.23. (9) Renovation of Ward Office in Ward No. 096; ₹ 1,36,710.31. (10) Rest. of Asph. Road Dist. by W/S Dept. at 65 Plot, Bosepukur Road etc. in Ward No. 91; ₹ 1,82,405.92. (11) Maint. of IPS & concrete passage at 82, 83, 90, S.G.G. Road, 22, Mukherjee Para etc. in Ward No. 91; ₹ 2,67,467.14. (12) Covering up existing surface drain with precast concrete slab at 14/1, 15/1, Banerjee Para Lane etc. in Ward No. 91; ₹ 1,88,522.49. (13) Maint. of IPS passage at 12/2, 12/1, Baikuntha Ghosh Road, 87/9, 66/1, Kumarpara etc. in Ward No. 91; ₹ 2,24,509.09. (14) Maint. of road by laying hot asphaltum mix, cement concrete & paver block at 32 Jubilee Park Rd., 62 & 14/2 Golf Club Rd. etc. in Ward No. 94; ₹ 2,24,310.36. (15) Maint. of asphaltum road with new kerb and old channel near 60/B, 52/1, M.T. Road etc. in Ward No. 92; ₹ 2,69,666.98; 03.06.2022 at 01.00 p.m. / 01.30 p.m. (For Sl. No. 1 to 15);** For detailed information please visit KMC website **https://www.kmcgov.in (For Sl. No. 1 to 15).**

Name of the Department : **Engineering (Civil) / Br.-XIV;** Tender invited & to be received by : **Executive Engineer (Civil), Br.-XIV;** Name of the works & location; Estimated Amount; Time and Last date of receipt / opening of tender paper are as follows : **(1) Construction of bustee sanitary latrines at Uchudanga & bye lane of P.B. Road (Slum Area) etc. in Ward No. 121; ₹ 2,98,922.07. (2) Maintenance of bustee concrete passage in the Maity Para slum area etc. in Ward No. 121; ₹ 2,89,792.43; 04.06.2022 at 12.00 noon / 01.00 p.m. (For Sl. No. 1 & 2). (3) Restoration of passage providing cement concrete at Pathakpara Road bye lane near Prem. No. 30, 67/E, 62/2, 62/6, 67/F/2 etc. in Ward No. 132; ₹ 2,50,744.64. (4) Repairing of bustee concrete passage in the 47 No. B.C. Roy Road slum area etc. in Ward No. 121; ₹ 2,70,301.07. (5) Construction of bustee sanitary latrines at Bhasapara (Slum Area